

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-০২
www.rdc.gov.bd

নং-৪৭.৬১.০০০০.০৩২.০৬.১৪৭.১৭(অংশ-১)-১০৯

০৬ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ।
তারিখঃ -----
২০ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন

সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন, সংশোধিত-২০০২ ও ২০১৩ সনের ২৯ নং আইন ও ১নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে সোনার বাংলা সমবায় কটন মিলস্ লি: কে একই আইনের ১৮ (৫), ১৮(৬), ১৮(৭) ধারা হতে নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা এককালীন অব্যাহতি প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- (ক) ১০-০৮-২০১৭ খ্রিঃ তারিখ মূলে গঠিত সোনার বাংলা সমবায় কটন মিলস্ লি: এর বর্তমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ জনস্বার্থে আদেশ জারির তারিখ হতে পরবর্তী আরও ০১(এক) বছরের জন্য বৃদ্ধি করা হলো;
- (খ) বর্তমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বর্ণিত সমিতির নির্বাচন বিষয়ে দাখিলকৃত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং
- (গ) মামলা নিষ্পত্তি সাপেক্ষে বর্তমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি বর্ধিত মেয়াদকালের মধ্যে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এ বর্ণিত নির্বাচন সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(নূরুন নাহার)
উপ সচিব

ফোনঃ ৯৫৫৫০১৩


e-mail:section21984@gmail.com

নং-৪৭.৬১.০০০০.০৩২.০৬.১৪৭.১৭(অংশ-১)-১০৯/১(৮)

০৬ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ।
তারিখঃ -----
২০ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

- ১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, সোনার বাংলা সমবায় কটন মিলস্ লি:।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অফিস কপি।


(নূরুন নাহার)
উপ সচিব